



# বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট

ঈশ্বরদী-৬৬২০, পাবনা।

## পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- বিএসআরআই/এন-১/২০১৮/২৪৬৫

তারিখ- ২০-০৬-২০১৮ খ্রি.

বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট (বিএসআরআই), ঈশ্বরদী, পাবনা এর রাজস্ব খাতে নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছেঃ-

ক্রমিক নং	পদের নাম ও বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী)	পদ সংখ্যা (টি)	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	সহকারী শিক্ষক (পদার্থ বিজ্ঞান) ১৬০০০-৩৮৬৪০/- গ্রেড-১০	০১ টি	সর্বোচ্চ ৩০ বৎসর	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকসহ বি.এড ডিগ্রী; এবং (খ) শিক্ষা জীবনে সকল পরীক্ষায় অনূন দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে; (গ) অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।

নিম্নলিখিত বিবরণসহ আবেদনপত্র ‘মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী-৬৬২০, পাবনা’ বরাবরে আগামী ১০/০৭/২০১৮ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাইতে হইবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হইবে না। উল্লেখ্য যে, ইতোপূর্বে যাহারা আবেদন করিয়াছেন তাহাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

- জনপ্রশাসন মন্ত্রণালয়ের ‘মডেল ফরম’ অনুযায়ী আবেদন করিতে হইবে যাহা [Website: www.bsri.gov.bd](http://www.bsri.gov.bd) এ পাওয়া যাইবে।
- আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করিতে হইবেঃ
  - প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক (নামসহ) সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল সনদপত্রের অনুলিপি।
  - প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
  - প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক (নামসহ) সত্যায়িত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশন মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের অনুলিপি।
  - প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং প্রতিবন্ধীদের কোটার ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বৎসর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হইবে না।
- চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।
- নিয়োগের ক্ষেত্রে প্রচলিত নিয়োগ বিধি, জেলা কোটা, মুক্তিযোদ্ধা কোটা, উপজাতীয় কোটা, মহিলা কোটা, প্রতিবন্ধী কোটা সহ অন্যান্য বিশেষ কোটা ও সরকারী বিধি-বিধানসহ সরকারের সর্বশেষ অপরাপর যাবতীয় বিধি-বিধান/আদেশ অনুসরণ করা হইবে। ইতোমধ্যে এতদবিষয়ে সরকার কর্তৃক কোন নতুন নির্দেশনা জারী হইলে তাহা অত্র নিয়োগের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।
- আবেদনপত্রের সহিত মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা এর অনুকূলে জনতা ব্যাংক লিমিটেড, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট শাখা, পাবনা বরাবর জনতা ব্যাংক লিমিটেড এর যে কোন শাখা হইতে ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করিতে হইবে।
- প্রার্থীত পদের নাম ও প্রেরকের ঠিকানা ও কোটার নাম (যদি থাকে) খামের উপর স্পষ্টাক্ষরে লিখিতে হইবে।
- মুক্তিযোদ্ধা, উপজাতি এবং প্রতিবন্ধীদের কোটায় প্রার্থীতার স্ব-পক্ষে প্রমাণপত্র উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত করিয়া আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হইলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।
- প্রাপ্ত সকল আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদেরকেই লিখিত পরীক্ষায় ডাকা হইবে। পরবর্তীতে কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকেই মৌখিক পরীক্ষায় ডাকা হইবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় উপস্থিত হইবার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।
- নিয়োগযোগ্য পদসংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত থাকিবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন পত্র বাতিলসহ নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-

২০-০৬-২০১৮ খ্রি.

প্রধান, প্রশাসন বিভাগ

বিএসআরআই, ঈশ্বরদী, পাবনা